



বিদ্যা

□ জ্যোতি পাল

অষ্টম শ্রেণি, গ - শাখা, রোল নং - ১৯

মোবাইল

□ মীনাক্ষী ঘোষ

মূহূর্তে যোজন চলি

এর কথা ওরে বলি

বড়ই সৃজন আমি সকলের কাছে

তোমার কি মোবাইল আছে ?

ভিন্ন ভিন্ন সুরে বাজি দেখিতে আয়তকার

সাথে সাথে থাকি আমি সবার

অঙ্ক দিয়ে কথা বলা, অঙ্ক দিয়ে খেলা

আমাকে সাক্ষী রেখে তোমার পথ চলা

অঙ্কেই মোর নাম অঙ্কেই পরিচয়

পথে ঘাটে আমি বিপদকে করি জয়

বিজ্ঞানের সৃষ্টি চির সঙ্গী আমি যার

প্রেম প্রীতি ভালোবাসার আমি রানার

টিভি, টেপ, ক্যামেরা কিংবা টেলিফোন

যেভাবে যে কাজেই হোক প্রয়োজন।

অঙ্ক মেরে কথা বলা, অঙ্ক মেরে খেলা

আমাকে সাক্ষী রেখে তোমার পথ চলা।

বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী

জয় মা সরস্বতী।

তোমার আশীর্বাদে ধন্য

অসংখ্য মানব-মানবী।

বিদ্যার সম্মান করে যে,

সুখী থাকে চিরদিন সে।

বিদ্যার পথে চলে যে,

সত্যের পথে চলে যে,

সার্থক জীবন তার,

চিরদিন সুখী সে।

শরতের সকাল

□ ঈশানী শীল

অষ্টম শ্রেণি, গ - শাখা, রোল নং - ২

সকালের বাতাসে

শেফালির গন্ধ,

ছুটে ছুটে বেড়ানো

পড়াশোনা বন্ধ।

খুশি খুশি আকাশে,

সাদা মেঘ ভাসে।

কাশফুল দুলছে ওই,

সোনা রোদ হাসে।